



factsheet

অপারেশন সোভেরিন বর্ডারস

ফ্যাক্টশীট বা সত্যপত্রঃ যাঁরা ইতিমধ্যে অস্ট্রেলিয়াতে আছেন তাঁদের জন্য প্রযোজ্য

অপারেশন সোভেরিন বর্ডারস কী?

অস্ট্রেলিয়ার সরকার দ্বারা প্রতিষ্ঠিত, অপারেশন সোভেরিন বর্ডারস হচ্ছে মিলিটারী-চালিত একটি সীমানা প্রতিরক্ষামূলক উদ্যোগ যা উপকূলবর্তী অঞ্চলে মানুষ পাচারের বিরুদ্ধে লড়াই এবং অস্ট্রেলিয়ার সীমান্ত রক্ষার উদ্দেশ্যে কার্যরত।

অস্ট্রেলিয়া মানুষ পাচারকারীদের অপরাধমূলক কার্যকলাপের অবসান ঘটাতে এবং জীবনের ঝুঁকি নিয়ে অনিরাপদ নৌকাতে করে অরক্ষিত মানুষদের অস্ট্রেলিয়াতে আসা বন্ধ করার প্রতিশ্রুতি বজায় রাখছে।

অস্ট্রেলিয়াতে প্রায় তিন বছর আগে মানুষ পাচারকারী সর্বশেষ নৌকা আসতে পেরেছিলো। যেসব মানুষ পাচারকারী নৌকা অস্ট্রেলিয়াতে প্রবেশের চেষ্টা করেছিলো সেসবগুলোকে বাধা দেয়া হয়েছে এবং যে দেশ থেকে এসেছিলো সেখানে ফেরত পাঠানো হয়েছে।

অস্ট্রেলিয়ার সীমান্ত রক্ষার নীতিগুলো কী?

উপকূলবর্তী অঞ্চলে মানুষপাচারের পতন সাধন করতে ও এর বিরুদ্ধে লড়াই করতে, সমুদ্রের মাঝে মানুষদের জীবন হারানো রোধ করতে এবং অস্ট্রেলিয়ার সীমান্ত রক্ষায় অস্ট্রেলিয়া কঠিন সীমান্ত রক্ষাকারী মানদণ্ড বজায় রেখেছে।

যেকেউ অবৈধভাবে নৌকাতে করে অস্ট্রেলিয়াতে আসতে চেষ্টা করলে তাকে সে যে দেশ থেকে এসেছে সে দেশে ফেরত পাঠানো হবে, অস্ট্রেলিয়ায় স্থায়ী হওয়ার আর কোনো উপায়ই থাকবে না। যদি আপনার পরিবার ও বন্ধুরা ভিসা ছাড়া নৌকাতে চড়ে বসেন তবে অস্ট্রেলিয়াতে এসে পৌঁছুতে পারবেন না।

এই নিয়ম কি সবার জন্য প্রযোজ্য?

হ্যাঁ। যেকেউ অবৈধভাবে নৌকাতে করে অস্ট্রেলিয়াতে আসতে চেষ্টা করলে তাকে সে যে দেশ থেকে এসেছে সে দেশে ফেরত পাঠানো হবে। এই নিয়ম সবার জন্য প্রযোজ্যঃ পরিবার, শিশু, সঙ্গীহীন শিশু, শিক্ষিত, এবং দক্ষ- এর কোনো ব্যতিক্রম হবে না।

মানুষ পাচারকারীদের বিশ্বাস করবেন না, তারা মিথ্যা বলে...

আমরা জানি যে মানুষ পাচারকারীরা অস্ট্রেলিয়াকে বাসভূমি বানানোর জন্য মরিয়া হওয়া মানুষদেরকে অবিরত মিথ্যা বলে যায়। মানুষ পাচারকারীরা অপরাধী ছাড়া আর কিছুই নয় যারা আপনার পরিবারকে ঝুঁকির মুখে ফেলে দেয়, এবং তাদের টাকা নিয়ে নেয়।

মানুষ পাচারকারীরা আপনার বন্ধু ও পরিবারকে বলবে যে অস্ট্রেলিয়াতে আসা খুব সহজ, বা নীতিগুলো সহজ হচ্ছে। তাদেরকে এসব মিথ্যা বিশ্বাস করতে বারণ করুন! বৈধ ভিসা ছাড়া আপনি অস্ট্রেলিয়াতে আসতে পারবেন না। অস্ট্রেলিয়ার সরকার এর কঠিন অবস্থান পরিবর্তন করে নি এবং করবেও না।

মানুষ পাচারকারীরা বলবে যে আইনগুলো তাদের জন্য প্রযোজ্য নয় বা আইন শীঘ্রই বদলাচ্ছে। আইনগুলো আপনার বন্ধু ও পরিবারের জন্য প্রযোজ্য, এর কোনো ব্যতিক্রম হবে না। তাদেরকে যেতে দেবেন না।

যেকেউ অবৈধভাবে নৌকাতে করে অস্ট্রেলিয়াতে আসতে চেষ্টা করলে তারা অস্ট্রেলিয়াতে স্থায়ী হতে পারবে না। টাকা নষ্ট করার আগে আপনার পরিবার ও বন্ধুদেরকে আবারো ভাবতে বলুন।

আমার ভালোবাসার মানুষগুলো কিভাবে অস্ট্রেলিয়াকে বাড়ী বানাতে পারে?

যেসব মানুষ অস্ট্রেলিয়ায় পুনর্বাসনের ব্যাপারে ভাবছেন, বা যাদের বন্ধু ও পরিবারগণ অস্ট্রেলিয়ায় পুনর্বাসনের ব্যাপারে ভাবছেন তাদের মনে রাখা উচিত যে অস্ট্রেলিয়াতে বৈধভাবেও আসা যায়। আপনি যদি অস্ট্রেলিয়ায় অবৈধভাবে আসার চেষ্টা করেন তবে কখনোই অস্ট্রেলিয়াকে বাড়ী বানাতে পারবেন না।

The Department of Immigration and Border Protection-এর একটি অফশোর পুনর্বাসন কার্যক্রম আছে, যা অস্ট্রেলিয়ার সরকারের রেফুজি অ্যান্ড হিউমেনিটারিয়ান প্রোগ্রাম-এর অংশ। এই কার্যক্রমটি মানবাধিকার বিষয়ক সাহায্য প্রয়োজন এমন ব্যক্তি যাদের জন্য অন্য কোনো স্থায়ী সমাধান পাওয়া যাচ্ছে না, তাদেরকে পুনর্বাসনের ব্যবস্থা করে।

অফশোর পুনর্বাসন কার্যক্রমের জন্য যাঁরা উপযুক্ত নন, তাঁরা কাজের জন্য অস্ট্রেলিয়াতে আসতে চাইলে তাদেরকে ওয়ার্কিং ভিসার জন্য আবেদন করতে হবে।

বৈধভাবে অভিবাসনের উপায়গুলোর ব্যাপারে আরো তথ্যের জন্য Department of Immigration and Border Protection-এর ওয়েব সাইট <http://www.border.gov.au/> যান।